

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৭৮

অমরপুর, ১১ জুলাই, ২০২৪

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন-২০২৪

অমরপুর ইলেক্ষন

অবাধ ও শান্তিপূর্ণভাবে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের লক্ষ্যে আজ অমরপুর ইলেক্ষন কার্যালয়ের কনফারেন্স হলে এক বৈঠক অনুষ্ঠিত হয়। ইলেক্ষন রিটার্নিং অফিসার উৎপল দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে মহকুমা পুলিশ আধিকারিক দেবাঞ্জলী রায়, দু'জন এআরও, সেক্টর অফিসারগণ এবং বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। বৈঠকে রিটার্নিং অফিসার ত্রিস্তর পঞ্চায়েতের নির্বাচন নির্ঘন্ট তুলে ধরেন। ইলেক্ষন রিটার্নিং অফিসার ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে তিনি রাজনৈতিক দলগুলির প্রতি আহ্বান জানান। উল্লেখ্য, অমরপুর ইলেক্ষনে ১০টি গ্রামপঞ্চায়েতে ৯২টি আসন রয়েছে। অমরপুর পঞ্চায়েত সমিতিতে ৯টি আসন রয়েছে। পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ৪টি সেক্টরে ৪ জন সেক্টর অফিসার নিয়োগ করা হয়েছে। অমরপুর ইলেক্ষনে ভোট গ্রহণ কেন্দ্র রয়েছে ২৯টি। তিনি জানান, বিভিন্ন রাজনৈতিক দলের অভাব অভিযোগ লিপিবদ্ধ করার জন্য এআরও পি কর্মকারকে চেয়ারম্যান করে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে ১০ জনের একটি কমিটি গঠন করা হয়েছে।
